

জনতা ব্যাংক লিমিটেড
হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট
প্রধান কার্যালয়, ঢাকা।



তথ্য বিজ্ঞপ্তি নং- ২৩০/২০

তারিখঃ ০৫ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ
২১ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও অ্যান্ড এমডি এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।


বিষয়: জনতা ব্যাংক লিমিটেড, বিভাগীয় কার্যালয়, ঢাকা উত্তর-এর আওতাধীন ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখা,
ঢাকাকে বিভাগীয় কার্যালয়, ঢাকা দক্ষিণ-এর আওতাভুক্তকরণ প্রসঙ্গে।


প্রিয় মহোদয়,

বিদ্যমান সাংগঠনিক কাঠামো অনুসারে মাঠ পর্যায়ের কর্পোরেট-১ শাখাসমূহ সরাসরি বিভাগীয় কার্যালয়ের নিয়ন্ত্রণাধীন। সে মোতাবেক ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখা, ঢাকা সরাসরি বিভাগীয় কার্যালয়, ঢাকা উত্তর-এর নিয়ন্ত্রণাধীন ছিল। নিয়ন্ত্রণকারী বিভাগীয় কার্যালয় থেকে শাখাটির দূরত্ব বেশি হওয়ায় এবং ভৌগলিকভাবে ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখা, ঢাকা-এর অবস্থান ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন হওয়ায় কর্তৃপক্ষের সুপারিশক্রমে গত ৩০/০৬/২০২০ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৬২০তম সভায় ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখা, ঢাকাকে বিভাগীয় কার্যালয়, ঢাকা উত্তর-এর স্থলে বিভাগীয় কার্যালয়, ঢাকা দক্ষিণ-এর আওতাভুক্তকরণের অনুমোদন দেয়া হয়। সে মোতাবেক সাংগঠনিক কাঠামো সংশোধন করা হয়।

এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত,


মোস্তফা স্বাইফুল হক
উপমহাব্যবস্থাপক


মোঃ আহসান উল্লাহ
মহাব্যবস্থাপক